



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১১

তারিখ : ২৬ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিল ব্যাংক।

প্রিয় মহোদয়,

## সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৪/০৩/২০২০, ২৫/০৩/২০২০, ০২/০৪/২০২০, ০৫/০৪/২০২০  
ও ০৭/০৪/২০২০ তারিখে জারিকৃত যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-০৬, ০৭, ০৮, ০৯ ও ১০ এর প্রতি  
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ডিওএস সার্কুলার লেটার নং-১০ এর আংশিক সংশোধনক্রমে আগামী ১২ এপ্রিল ২০২০ তারিখ হতে  
দৈনিক ব্যাংকিং লেনদেন এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান  
কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ খোলা রাখার সময়সূচী যথাক্রমে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.৩০ ঘটিকা  
পর্যন্ত এবং দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল।

০৩। তবে, প্রতি কার্যদিবসে দৈনিক ব্যাংক খোলা রাখার চূড়ান্ত সময়সীমা অপরিবর্তিত (দুপুর ২.০০ ঘটিকা)  
রেখে শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য ব্যাংক তার স্বীয় বিবেচনায় নির্বাচিত এডি  
শাখা/শাখাসমূহের লেনদেনের সময়সীমা ০১ (এক) ঘন্টা বর্ধিত (যা সাধারণ ব্যাংকিং কার্যক্রমের জন্য প্রযোজ্য নয়)  
করে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করবে।

০৪। সরকার/স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত ঘোষণা অনুসারে লকডাউন (Lockdown) এলাকার ব্যাংক  
শাখাসমূহ বন্ধ থাকবে।

০৫। ব্যাংকিং লেনদেনের জন্য খোলা রাখা শাখা/প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহের ক্ষেত্রে সোস্যাল  
ডিস্টেন্সিং সংক্রান্ত WHO গাইডলাইনসহ এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার  
নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপালন যথাযথভাবে নিশ্চিত  
করতে হবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বাস,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩